বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি'র মাসিক (নভেম্বর) বিবৃতি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ হতে সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

ইতিমধ্যেই বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক ২০২১-২২ ফুটবল মৌসুমের ক্রীড়া পঞ্জিকা প্রকাশ করা হয়েছে এবং আমাদের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে 'রিভেরা স্বাধীনতা কাপ ২০২১' এর মাধ্যমে ২০২১-২২ ফুটবল মৌসুম আরম্ভ হয়েছে। নতুন মৌসুমে আরও প্রাণবন্ত ফুটবল মাঠে প্রদর্শিত হবে বলে প্রত্যাশা করছি। একইসঙ্গে দেশের ফুটবলামোদী সমর্থকগণের উদ্দেশ্যে বলছি আপনারা মাঠে এসে প্রিয় দলের খেলা উপভোগ করুন ও ফুটবলের অগ্রযাত্রায় সামিল হউন।

কমিটি ফর ওমেন্স ফুটবল এর সভাঃ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের 'কমিটি ফর ওমেন্স ফুটবল' এর ২য় নিয়মিত সভা গত ৭ নভেম্বর ২০২১ তারিখ মতিঝিলস্থ বাফুফে ভবনে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আগামী ১১ ডিসেম্বর ২০২১ তারিখ হতে ২২ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত 'সাফ অ-১৯ মহিলা চ্যাম্পিয়নশীপ ২০২১' এর খেলাসমূহ ঢাকার কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়ামে আয়োজন সম্পর্কে বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়েছে এবং 'ন্যাশনাল ওমেন্স চ্যাম্পিয়নশীপ' এর খেলা আগামী ডিসেম্বর ২০২১ মাসের শেষ সপ্তাহ হতে দেশব্যাপী আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়েছে।

প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে ফুটবল টুর্নামেন্ট ২০২১ঃ

গত ৯ নভেম্বর ২০২১ তারিখ হতে ১৯ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হয়েছে 'প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে ফুটবল টুর্নামেন্ট ২০২১'। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশ, শ্রীলঙ্কা, মালদ্বীপ ও সেশেলস্ জাতীয় ফুটবল দল অংশগ্রহণ করেছে। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় ফুটবল দল ১৮ বছর পর মালদ্বীপ জাতীয় ফুটবল দলকে পরাজিত করতে সক্ষম হয়।

বাফুফে কার্যনির্বাহী কমিটির জরুরি সভাঃ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের কার্যনির্বাহী কমিটির ১ম জরুরী সভা গত ৯ নভেম্বর ২০২১ তারিখ মতিঝিলস্থ বাফুফে ভবনের বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন (বিওএ) এর সাধারণ পরিষদে নাম প্রেরণের লক্ষ্যে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ হতে সহ-সভাপতি কাজী নাবিল আহমেদ, এমপি, এবং সহ-সভাপতি জনাব মহিউদ্দিন আহমেদ মহি'কে মনোনীত করা হয়েছে।

ওমেন্স রেফারীজ রিফ্রেশার্স কোর্স-২০২১ঃ

গত ১১ নভেম্বর তারিখ 'ওমেন্স রেফারীজ রিফ্রেশার্স কোর্স-২০২১' মতিঝিলস্থ বাফুফে ভবনে অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্সে সারা দেশ হতে মহিলা রেফারী ও সহকারী রেফারীসহ সর্বমোট ২৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছে। 'Law's of the game 2011-22'এর সর্বশেষ সংশোধনী ও গুরুত্বপূর্ণ বিধি-বিধানসমূহ সম্পর্কে লীগে অংশগ্রহণকারী রেফারীগণকে অবহিতকরণের লক্ষ্যে বাফুফে কর্তৃক উক্ত কোর্সটি অনুষ্ঠিত হয়েছে।

বাফুফে রেফারীজ প্রমোশন টেস্ট-২০২১ঃ

গত ১২ নভেম্বর ২০২১ তারিখে বাফুফে রেফারীজ কমিটি'র সহায়তায় ও রেফারীজ ডিপার্টমেন্ট এর ব্যবস্থাপনায় 'বাফুফে রেফারীজ প্রমোশন টেস্ট-২০২১' কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে ফিটনেস পরীক্ষা এবং বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সারাদেশ হতে আগত ১১৯ জন শ্রেণী ভিত্তিক (পুরুষ ও মহিলা) রেফারী এবং সহকারী রেফারীগণ উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করেছে। শ্রেণিভিত্তিক রেফারীগণের কর্মদক্ষতা ও যোগ্যতা অনুযায়ী তাদের পদোন্নতির লক্ষ্যে উক্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

বাফুফে এএফসি 'সি' ডিপ্লোমা কোর্সঃ

গত ১৬ নভেম্বর ২০২১ তারিখ বাংলাদেশ ফুটবল ফেডারেশনে বাফুফে এএফসি 'সি' ডিপ্লোমা কোর্স শুরু হয়েছে। উক্ত কোর্সটি ৮ দিনব্যাপী চলমান ছিল এবং অংশগ্রহণকারীগণ বাফুফে এএফসি গ্রাসরুট কোচিং কোর্স সম্পন্ন করা সাপেক্ষে দেশের বিভিন্ন জেলা থেকে চলমান 'সি' ডিপ্লোমা কোর্স সম্পন্ন করার লক্ষ্যে অংশগ্রহণ করেছে। বাংলাদেশের ঘরোয়া পেশাদার লীগ এবং বাংলাদেশ জাতীয় ফুটবল দলের উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রশিক্ষকবৃন্দকে উন্নত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে করতে বাংলাদেশ ফুটবল ফেডারেশন এই কোর্সের আয়োজন করেছে।

বঙ্গবন্ধু জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২১ঃ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষে শ্রদ্ধা প্রদর্শন পূর্বক পূর্বের ন্যায় 'বঙ্গবন্ধু জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২১' এর খেলা আগামী ৩ ডিসেম্বর ২০২১ তারিখ হতে শুরু হতে যাচ্ছে। উক্ত প্রতিযোগিতায় দেশের সকল জেলা ফুটবল দল, সার্ভিসেস দল (বাংলাদেশ সেনা বাহিনী, বাংলাদেশ নৌ বাহিনী,বাংলাদেশ বিমান বাহিনী, বাংলাদেশ পুলিশ ফুটবল ক্লাব, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) এবং বাফুফের আওতাধীন বিশ্ববিদ্যালয় ও শিক্ষা বোর্ডের ফুটবল দলসমূহ অংশগ্রহণ করবে। সারা দেশে সর্বমোট ৬৫টি ভেন্যুতে উক্ত প্রতিযোগিতার খেলাসমূহ পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে।

বাফুফে ম্যাচ কমিশনার ও রেফারী এ্যাসেসরস ওয়ার্কশপঃ

'বাফুফে ম্যাচ কমিশনার ও রেফারী এ্যাসেসরস ওয়ার্কশপ ২০২১-২২' গত ২০ নভেম্বর ২০২১ তারিখ হতে ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটির সভা কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত ওয়ার্কশপে সারাদেশ হতে আগত ৩২ জন ম্যাচ কমিশনার ও রেফারী এ্যাসেসর অংশগ্রহণ করেছে। ম্যাচ কমিশনারগণের কর্তব্য সম্পর্কে পরিপূর্ণ ধারণা ও নির্দেশনা প্রদান করতঃ 'Law's of the game 2011-22'এর সর্বশেষ সংশোধনী ও গুরুত্বপূর্ণ বিধি-বিধানসমূহ সম্পর্কে রেফারীগণকে অবহিতকরণের লক্ষ্যে বাফুফে কর্তৃক উক্ত ওয়ার্কশপটি অনুষ্ঠিত হয়েছে।

পাইওনিয়ার ফুটবল লীগঃ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটির আওতাধীন 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২' সম্পর্কিত উপ-কমিটির ১ম নিয়মিত সভা গত ২৩ নভেম্বর ২০২১ তারিখে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আগামী 'জানুয়ারী ২০২২ মাসের ১ম সপ্তাহ হতে 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২' এর খেলাসমূহ অনুষ্ঠিত হবে।ঢাকার ১০ টি মাঠে বিভক্ত হয়ে উক্ত 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২১-২২' এর খেলাসমূহ শুরু হবে।

বাফুফে এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্সঃ



গত ২৫ নভেম্বর ২০২১ তারিখ বাংলাদেশ ফুটবল ফেডারেশনের তত্ত্বাবধানে বাফুফে এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্সের মডিউল ২ শুরু হয়েছে। নতুন উদ্দম ও শেখার স্পৃহা নিয়ে বাংলাদেশসহ বিদেশী প্রশিক্ষণার্থী মিলিয়ে সর্বমোট ২৪ জন প্রশিক্ষক উক্ত কোর্সে অংশগ্রহণ করেছে। মূলত ফুটবলে উন্নয়নমূলক কার্যক্রমের অংশ হিসেবে সংশ্লিষ্ট প্রশিক্ষকবৃন্দকে উন্নত প্রশিক্ষণ প্রদান করতে বাংলাদেশ ফুটবল ফেডারেশন বর্ণিত কোর্সের আয়োজন করেছে।

স্বাধীনতা কাপ ২০২১ঃ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় ‘রিভেরা স্বাধীনতা কাপ ২০২১’ এর খেলা গত ২৭ নভেম্বর ২০২১ তারিখ হতে কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে শুরু হয়েছে। বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে এ প্রতিযোগিতার আয়োজন করেছে বাফুফে।

********************** ***********************